

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৬১.২১-৩৫৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ডা: নাসিমা খান ইভা, সহকারী পরিচালক (সিসি) ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' মোতাবেক বিভাগীয় মামলা বুজুকরণ।

অভিযোগনামা

আপনি ডা: নাসিমা খান ইভা, সহকারী পরিচালক (সিসি) ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জে ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দপ্রাপ্ত ১৫,৫০,০০,০০০/- (পনের কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় মেডিকেল সরঞ্জাম, বইপত্র ও সাময়িকী, আসবাবপত্র এবং কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে অতিরিক্ত মূল্যে নিম্নমানের জিনিসপত্র ক্রয় করা হয়; এবং

০২। যেহেতু, আপনি দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হওয়া সত্ত্বেও দরপত্র মূল্যায়ন কমিটির সভার নোটিশ যথাযথভাবে জারি করেননি। প্রকৃতপক্ষে দরপত্র মূল্যায়ন কমিটির সভাও হয়নি। প্রাথমিক তদন্তে দরপত্র মূল্যায়ন কমিটির বিরুদ্ধে দায়িত্বে অবহেলার বিষয়টি প্রমাণিত হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হিসেবে এর দায়ভার আপনার উপর বর্তায়; এবং


০৩। যেহেতু, দরপত্র মূল্যায়ন কমিটির দায়িত্বে অবহেলার কারণে দুর্নীতির সুযোগ সৃষ্টি হয় এবং অতিরিক্ত মূল্যে নিম্নমানের ফার্নিচার, ফটোকপি করা বইসহ বিভিন্ন সরঞ্জামাদি ও যন্ত্রাংশ ক্রয় করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হিসেবে আপনি এ দায় এড়াতে পারেন না; এবং

০৪। যেহেতু, আপনার এহেন দায়িত্বহীন কার্যকলাপে বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং সরকারি অর্থের অপচয় হয়েছে। আপনার উপর্যুক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে। আপনার উক্ত কার্যকলাপ চাকরির শৃঙ্খলার পরিপন্থি এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

০৫। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' দন্ড প্রদান করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, একই বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে তার কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। অতীত সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কিনা তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৬। যে সকল অভিযোগ বিবরণীর ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, তার একটি অনুলিপি এসাথে প্রেরণ করা হলো।

আবেদী নাম: ২২৮... জাতিসংখ্যা: ৭১৭১২...
উপ-পরিচালক (পারিবারিক)/ সহকারী পরিচালক (পার-১ / পার-২)
মনিটরিং/কমস শাখা/পরিবহন/সমন্বয়/ভারপ্রাপ্ত কর্মকর্তা(পেনশন)/
ডি.পি.এম.(এইচ.আর.এম) / কন্সল্টেভ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/
অফিস নম্বরঃ-১/অফিস নম্বরঃ-২/ব্যক্তিগত সহকারী।


(মোঃ আলী নূর)
সচিব

বর্তমান ঠিকানা:

ডা: নাসিমা খান ইভা
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ

স্থায়ী ঠিকানা:


ডা: নাসিমা খান ইভা
১১৬/৩, গ্রীণ রোড, ঢাকা-১২০৫

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৬১.২১-৩৫৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
০৩ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫। নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করে জারিপূর্বক (যদি বিলি না হয় সেক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে লটকিয়ে জারিপূর্বক) তার প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ। নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় জারিপূর্বক (যদি বিলি না হয় সেক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে লটকিয়ে) তার প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


০৩/০৩/২০
(উম্মো কুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd